

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/রাজস্ব-১/২০০৭ (অংশ-১)/১১৫৬

তারিখঃ ৩০/০৬/২০১১ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিভিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচির (HNPSF) অধীন গৃহীত স্বাস্থ্য অর্থনীতি ইউনিট শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ১৫টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তর প্রসঙ্গে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য অর্থনীতি ইউনিট শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ১৫টি পদ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০/০১/২০১০ তারিখের ০৫.১৫৯.০১৫.৪৫.০০.০৩১.২০০৫-০৬ সংখ্যক, অর্থবিভাগের বাজেট অনুবিভাগের ০৮/০৩/২০১১ তারিখের অম/অবি/বা-৪/৫-২৭০৩(৫)/২০০৫/১২৩ সংখ্যক এবং বাস্তবায়ন অনুবিভাগের ১৯/০৫/২০১১ তারিখের ০৭.১৬৩.০০০.০০.৪৫.১৪৬.২০১১-১৩১ নং স্মারকের মূলে নির্ধারিত বেতনস্কেল মোতাবেক মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে নিম্ন বর্ণিত শর্তে প্রকল্প সমাপ্তির পরদিন অর্থাৎ ০১.০৭.২০১১ তারিখ হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ


ক্রমিক নং	পদের নাম ও পদসংখ্যা	পদের বেতনস্কেল (জাঃ বেঃ ২০০৯ অনুযায়ী)	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১)	প্রশাসনিক কর্মকর্তা -১ (এক) টি	টাঃ ৮০০০-১৬৫৪০ (১০ নং স্কেল)	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিলের ক্রমিক নং ৪ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী পদটি পূরণযোগ্য।
২)	স্টাটিলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর -২ (দুই)টি	টাঃ ৫৫০০-১২০৯৫ (১৩ নং স্কেল)	The stenographers and steno-typists (Ministries Divisions and attached Departments) Requirment Rules 1978 এর তফসিলে ক্রমিক- ৭ এ বর্ণিত শিক্ষাগতসহ সরকার কর্তৃক অন্যান্য শর্ত পূরণসাপেক্ষে পদটি পূরণযোগ্য।
৩)	কম্পিউটার অপারেটর-৩ (তিন) টি	টাঃ ৫৫০০-১২০৯৫ (১৩ নং স্কেল) টাঃ ৬৪০০-১৪২৫৫ (১১ নং স্কেল) (বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে)	The Computer Personnel (Government And Local Authorities) Recruitment Rules, 198৫ এর তফসিলের ক্রমিক নং-১৬ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী পদটি পূরণযোগ্য।
৪)	হিসাবরক্ষক-১ (এক)টি	টাঃ ৬৪০০-১৪২৫৫ (১১ নং স্কেল)	মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ এর তফসিলের ক্রমিক নং-৩ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী পদটি পূরণযোগ্য।
৫)	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক-১ (এক)টি	টাঃ ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল)	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিলের ক্রমিক নং ৮ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী পদটি পূরণযোগ্য।
৬)	গাড়ীচালক -১ (এক) টি	টাঃ ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল) (হালকা লাইসেন্সধারীর ক্ষেত্রে) টাঃ ৪৯০০-১০৪৫০ (১৫ নং স্কেল) (ভারী লাইসেন্সধারীর ক্ষেত্রে)	The Bangladesh Health services(Non-Medical Officers and Employee Recruitment) Rules 1984 এর তফসিলের ক্রমিক-৩৫ অনুযায়ী পদটি পূরণযোগ্য শর্তে।
৭)	এমএলএসএস-৫ (পাঁচ)টি	টাঃ ৪১০০-৭৭৪০ (২০ নং স্কেল)	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিলের ক্রমিক নং ১২ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী পদটি পূরণযোগ্য।
৮)	সুইপার-১ (এক) টি	টাঃ ৪১০০-৭৭৪০ (২০ নং স্কেল)	The Bangladesh Health services(Non-Medical Officers and Employee Recruitment) Rules 1984 এর তফসিলের ক্রমিক-৬৪ অনুযায়ী পদটি পূরণযোগ্য শর্তে।

উপরের ছকের ৩ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৪ নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতায় কার্যকর হবে।

২। উল্লেখিত পদসমূহের ব্যয় কোড নং ৩-২৭০১-০০০১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের খাতে হতে মিটানো হবে।

শর্তাবলী :


- (ক) পদ সংরক্ষণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ ইং তারিখের মপবি/পঃবিঃশাঃ/কপগ -১১/২০০১/১১১ এবং ০৫/০৩/২০০৯ তারিখের মপবি/পঃবিঃশাঃ/কপগ -১১(অংশ-১)/২০০১/৭৩ নং পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (খ) রাজস্বখাতে স্থানান্তরিত পদসমূহ প্রকল্প সমাপ্তির পরদিন অর্থাৎ ০১.০৭.২০১১ তারিখ হতে বছর বছর সংরক্ষণ করতে হবে।
- (গ) রাজস্বখাতে স্থানান্তরিত পদসমূহে প্রকল্প চলাকালীন সময়ে নিয়োজিত হয়ে অব্যাহতভাবে কর্মরত নয় এমন কোন জনবল রাজস্বখাতে স্থানান্তর করা যাবে না। এক্ষেত্রে শূণ্যপদ পূরণে প্রচলিত বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- (ঘ) রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীগণের জন্য নির্দিষ্ট পদসমূহ ছাড়া অন্য কেউ কর্মরত নেই মর্মে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কর্তৃক প্রত্যয়ন প্রদান করতে হবে।
- (ঙ) রাজস্বখাতে স্থানান্তরিত এমএলএসএস এর ৫টি এবং সুইপার এর ১টি পদ রাজস্বখাতে স্থানান্তরের পর পদধারীদের মৃত্যু, অবসর, চাকুরিচ্যুতি বা অন্য কোন কারণে পদ শূন্য হলে উক্ত শূন্য পদ সরকার কর্তৃক প্রণীত Out sourcing নীতিমালা অনুসরণে পূরণ করতে হবে।
- (চ) সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত জনবলের রাজস্বখাতে নিয়মিতকরণ, জ্যেষ্ঠতা নির্ধারণ এবং প্রকল্পের চাকুরিকাল গণনা ইত্যাদি ক্ষেত্রে "উন্নয়ন প্রকল্প হইতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা ২০০৫" (এসআরও নং ১৮২-আইন/২০০৫/সম/বিবি-১/এস-৯/২০০০, তারিখঃ ২০/০৬/২০০৫) এর বিধানাবলীসহ প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।


(মোহাম্মদ আতিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৬৭০৯৬

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/রাজস্ব-১/২০০৭ (অংশ-১)/ ১১৫৬

তারিখ : ৩০/০৬/২০১১খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পদ রাজস্বখাতে স্থানান্তরের মঞ্জুরি আদেশের ২ (দুই) প্রস্থ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগে (ব্যয় নিয়ন্ত্রণ-৬ শাখা) প্রেরণ করা হল। মঞ্জুরি আদেশের ১ প্রস্থ পৃষ্ঠাংকমপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ৩য় ফেজ, সচিবালয় ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।


(মোহাম্মদ আতিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং-

তারিখ :

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ৩য় ফেজ, সচিবালয় ভবন সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সম্মতি রয়েছে।


সিনিয়র সহকারী সচিব (ব্যয় নিয়ন্ত্রণ -৬ শাখা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ফোন-

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/রাজস্ব-১/২০০৭ (অংশ-১)/ ১১৫৬

তারিখ : ৩০/০৬/২০১১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান (যুগ্মসচিব) ও লাইন ডাইরেক্টর, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (ব্যয় নিয়ন্ত্রণ-৬/, বাস্তবায়ন অধিশাখা-৩/বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোহাম্মদ আতিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব